অঙ্গজ

বঙ্গীয় শব্দকোষ

বিণ [অঙ্গ + √জন্ + অ (ড) -ক; উ.ত; স্ত্রী -জা]

১ যাহা অঙ্গ হইতে জন্মে, শরীরজাত, দেহজ।

২ আঙ্গিক, শারীরিক।

৩ অঙ্গলগ্ন, শরীরলিপ্ত।

৪ অঙ্গকর্ম্মজাত।

—জ পুং ১ পুত্র।

২ কেশ, কচ। ৩ মদ, মত্ততা। ৪ ষড়্‌রিপুর একতম; মদরিপু। ৫ গদ, রোগ। ৬ মন হইতে জাত; কাম।

—জ ক্লী ১ রুধির।

২ লোম।

—জা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] 'অঙ্গজাতা', কন্যা।

"তোমার অঙ্গজ তনু না রাখিব আর ক.চ ১৪।

"ভাবহাবহেলাস্ত্রয়োহঙ্গজাঃ (অ.টী)। সা.দ ৩.৮৯।

"রজঃ প্রক্ষাল্য চাঙ্গজম্ গো.রা ৩.৭৬.৩৩।

"দশরথ রথী, রঘুজ-অজ-অঙ্গজ, বিখ্যাত ভুবনে মে ১৫৪।

"অঙ্গজরাগদীপনাৎ (দশকুমার)।

"তবোত্তরীয়ং করিচর্ম্ম সাঙ্গজম্ কি ১৮.৩২।